

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট  
দৌলতপুর, খুলনা।  
[www.ati.khulna.gov.bd](http://www.ati.khulna.gov.bd)

স্মারক নং - ১২.০১.৪৭০০.২৭০.৩১.০০১.২৩ ৭৫২(৩০)

তারিখ: ০৫ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ  
২০ আগস্ট, ২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি


এতদ্বারা অত্র প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ঢাকা এর স্মারক নং-৫৭.১৭.০০০০.২০৫.১৯.০০২.২৩.১০২ তারিখ ১৬/০৮/২০২৩ খ্রি. বিজ্ঞপ্তির আলোকে ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার শিক্ষাক্রমে ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ পর্বে বদলী ইচ্ছুক শিক্ষার্থীদের অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আগামী ০৫/০৯/২০২৩ খ্রি. তারিখের মধ্যে পরিচালক (কারিকুলাম), কারিগরি শিক্ষাবোর্ড, আগারগাঁও, ঢাকা বরাবর নিম্নবর্ণিত তথ্য ও কাগজপত্র সংযুক্তসহকারে আবেদন করার জন্য বলা হলো।

তথ্য প্রেরণ নমুনা ছক

ক্রঃ নং	শিক্ষার্থীর নাম	রোল নং	রেজিস্ট্রেশন নং	সেশন	পর্ব	টেকনোলজি (কৃষি)	অধ্যয়নরত প্রতিষ্ঠানের নাম ও কোড নং	বদলী হতে ইচ্ছুক প্রতিষ্ঠানের নাম ও কোড নং

বদলীর শর্ত

- ১। শিক্ষার্থী বদলীর ক্ষেত্রে টেকনোলজি ও প্রবিধানের মিল থাকতে হবে।
- ২। কেবলমাত্র ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ পর্বের শিক্ষার্থী নির্ধারিত তারিখের মধ্যে বদলী আবেদন করতে পারবে।
- ৩। সরকারী প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র সরকারী প্রতিষ্ঠানে বদলী হওয়ার সুযোগ পাবে।
- ৪। পূর্ববর্তী পরীক্ষায় উত্তীর্ণ না হলে বদলীর জন্য বিবেচিত হবে না।
- ৫। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে।
  - ক) শিক্ষার্থীর আবেদন পত্র।
  - খ) রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি
  - গ) সর্বশেষ পর্বের প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি।
  - ঘ) সর্বশেষ পর্বের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
  - ঙ) শিক্ষার্থী প্রতি বদলী ফি বাবদ ৩২৫/- (তিনশত পাঁচশ) টাকা মাত্র।

  
মোঃ নূরুল ইসলাম  
অধ্যক্ষ

[principalatikhulna@dae.gov.bd](mailto:principalatikhulna@dae.gov.bd)

ফোন নং-০২৪-৭৭৭৩৩১২৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মুখ্য প্রশিক্ষক (সকল), এটিআই, দৌলতপুর, খুলনা।
- ২। উর্ধ্বতন প্রশিক্ষক, এটিআই, দৌলতপুর, খুলনা।
- ৩। অতিরিক্ত উপ পরিচালক (সকল), সংযুক্ত।
- ৪। অতিরিক্ত কৃষি অফিসার (সংযুক্ত), এটিআই, দৌলতপুর, খুলনা।
- ৫। প্রশিক্ষক (সকল), এটিআই, দৌলতপুর, খুলনা।
- ৬। উপসহকারী প্রশিক্ষক (সকল), এটিআই, দৌলতপুর, খুলনা।
- ৭। অফিস নথি।
- ৮। জনাব আছাদুজ্জামান, দণ্ডুরী, এটিআই, দৌলতপুর, খুলনা। আপনাকে উক্ত বিজ্ঞপ্তি ক্লাস চলাকালীন সকল শ্রেণিকক্ষে পাঠকরা ও নোটিশবোর্ডসহ প্রয়োজনীয় সকল স্থানে উপস্থাপনের জন্য বলা হলো।